

## পে স্কেল অনুযায়ী বেতন-ভাতা চান শিক্ষক-কর্মচারীরা

### ■ সমকাল প্রতিবেদক

ঘোষিত পে স্কেল অনুযায়ী বেতন, বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা, ইনক্রিমেন্ট প্রদান এবং টাইম স্কেল বহাল রাখার দাবি জানিয়েছে শিক্ষক-কর্মচারী একাজোট। একই সঙ্গে চাকরি জাতীয়করণেরও দাবি জানান শিক্ষক নেতারা। ১৫ মার্চের মধ্যে দাবি পূরণ না হলে তারা শিক্ষা প্রতিষ্ঠানে তালা দেওয়ার ঘোষণা দেন। গতকাল শনিবার জাতীয় প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। দাবি আদায়ের বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেন সংগঠনের নেতারা। এর মধ্যে রয়েছে- ১৯ জানুয়ারি শিক্ষক দিবসের আলোচনা সভা, ২৩ জানুয়ারি উপজেলায় মানববন্ধন, ২৫ জানুয়ারি জেলায় মানববন্ধন, ২ ফেব্রুয়ারি উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে স্মারকলিপি প্রদান, ৮ ফেব্রুয়ারি জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান, ১৫ ফেব্রুয়ারি থেকে ১৪ মার্চ পর্যন্ত বিভাগীয় ও জেলা সমাবেশ এবং ২৭ মার্চ ঢাকায় মহাসমাবেশ। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের মহাসচিব জাকির হোসেন, মাদ্রাসা শিক্ষক সমিতির মহাসচিব দেলোয়ার হোসেন, সংগঠনের প্রেসিডিয়াম সদস্য তফাজ্জল হোসেন, যুগ্ম মহাসচিব জসিম উদ্দীন আহমেদ প্রমুখ।

বক্তারা বলেন, জাতীয় স্কেলে অন্তর্ভুক্তির পর যতবার নতুন পে স্কেল ঘোষণা করা হয়েছে, ততবারই শিক্ষকদের স্বয়ংক্রিয়ভাবে বেতন দেওয়া হয়েছে। কিন্তু এবার শিক্ষক-কর্মচারীদের বিভিন্ন শর্ত দিয়ে আবদ্ধ রাখা হয়েছে। এতে প্রায় সাড়ে পাঁচ লাখ এমপিওভুক্ত শিক্ষক সমস্যায় পড়েছেন।